"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

উপজেলা পরিষদ কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর

## পিরোজপুর সদর উপজেলা পরিষদের জুন/২০২৩ এর মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আলহাজ্ব মোঃ মজিবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৯/০৬/২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট- ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ**<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০১/০৬/২০২২খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২-৫৫৭ নং স্মারকে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের "অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ" উপখাত হতে পিরোজপুর সদর উপজেলা পরিষদের অনুকূলে ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। যাহা ১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০২.৭৯৮০.০০০.১৪.০০২.২৩-৩৬৭(১১) নং স্মারকের উপজেলা যাচাই-বাছাই কমিটির সভায় যাচাই-বাছাইঅন্তে উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো। দরপত্র আহবান করতে হতে কমপক্ষে ৬৫ দিন সময়ের প্রয়োজন প্রয়োজনীয় সময় না থাকায় সংক্ষিপ্ত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য কোটেশন পদ্ধতিতে দরপত্র আহবান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়।<br><br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিস্তারিত আলাপ-আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০১/০৬/২০২২খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২-৫৫৭ নং স্মারকে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের "অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ" উপখাত হতে পিরোজপুর সদর উপজেলা পরিষদের অনুকূলে ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকায় গৃহীত ১০ টি প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় সময় না থাকায় সংক্ষিপ্ত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য কোটেশন পদ্ধতিতে দরপত্র আহবান করে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(প্রকল্প তালিকা বিবিধ-১) | উপজেলা প্রকৌশলী |
| **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিগত মাসে<br>১। বিদ্যালয়, ক্লিনিক এবং উঠান সভার মাধ্যমে ৮৭৪০ জনকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে।<br>২। ০২ টি খাদ্য নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য ঢাকার পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে।<br>৩। ২৭৩ জন সন্দেহজনক রোগীর কফ পরীক্ষা করা হয়েছে। তন্মধ্যে ১১ জনের যক্ষ্মার জীবাণু পাওয়া গেছে।<br>৪। এ উপজেলায় ১৭ টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। গত মাসে ৮০৭৯ জনকে চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ১২৮ জনকে রেফার করা হয়েছে।<br>৫। ইপিআই টিকাদান কার্যক্রম রুটিন মাফিক সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে।<br>০৬। ৮৪৬ জন রোগীকে আইএমসিআই চিকিৎসা প্রদান করা হয়েছে।<br><br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | কমিউনিটি ক্লিনিকগুলোতে নিয়মিত চিকিৎসা প্রদান এবং ইপিআই এর বিদ্যমান সমস্যা সমাধানে তৎপর হওয়াসহ দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিগত মাসে<br>১। মোট সক্ষম দম্পতি ঃ ২৮৭১৪ জন<br>মোট গ্রহনকারীর সংখ্যা ঃ ২২৯৮৬ জন<br>মোট গ্রহনকারীর হার ঃ ৮০.০৫%<br>২। স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ<br>পুরুষ ঃ ০০ জন<br>মহিলা ঃ ১৬ জন<br>৩। আই ইউডি গ্রহনকারীর সংখ্যা ঃ ২৪ জন<br>ইমপ্লানন গ্রহনকারীর সংখ্যা ঃ ৫২ জন<br>ইনজেকটেবলস গ্রহনকারীর সংখ্যা ঃ ১০৮৮ জন<br>খাবার বড়ি বিতরন ঃ ৯৬০৫ ( চক্র)<br>আপন ঃ ৬৯৭ (চক্র)<br>কনডম বিতরন ঃ ১১৬৫১ পিস<br>মিসোপ্রস্টোজল ঃ ১৪৫ পিস<br>৪। ইউনিয়নের মোট গর্ভবতী সংখ্যা ঃ ১১০৫ জন<br>গর্ভবতী পরিচর্যা ঃ ৪৪৪ জন<br>ডেলিভারী ঃ স্বাভাবিক ১৯ জন<br>ঃ সিজারিয়ান ০১ জন<br>৫। প্রসবোত্তর পরিচর্যা ঃ ১২৮ জন<br>শিশু সেবা (০-৫) ঃ ১০৬০ জন<br>০৬। স্যাটেলাইট কেন্দ্রে উপস্থিতি ঃ ২৩ টি<br>সাধারন রোগী ঃ পুরুষ ঃ ৩৬২ জন<br>মহিলা ঃ ৩৪২১ জন<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। ইউনিয়ন পর্যায়ে জন্ম ও মৃত্যুর সংখ্যা প্রতি মাসে উপজেলায় প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যান (সকল) কে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা কৃষি অফিস ঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি সংরক্ষণাগার নির্মানের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয়, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকরণ প্রকল্প এর ০২/০৮/২০২১ খ্রিঃ তারিখের ১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/২৩৯১(৬৮৮) মোতাবেক পিরোজপুর সদর উপজেলা পরিষদ চত্তরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচন করা একান্ত প্রয়োজন। সে মোতাবেক বিএডিসি (সেচ) অফিসের দক্ষিন পার্শ্বের খালী জায়গায় কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি সংরক্ষণাগার নির্মানের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়।<br>এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলাপ-আলোচনান্তে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ চত্তরে বিএডিসি (সেচ) অফিসের দক্ষিন পার্শ্বের খালি জায়গায় (১২০০ বর্গফুট) কৃষি যন্ত্রপাতি সংরক্ষণাগার নির্মানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, বিগত মাসে<br>১। প্রতিষেধক টীকা প্রদান<br>(ক) গবাদী প্রাণিঃ- ১৫২০<br>(খ) হাঁসমুরগী- ৪১০০০<br>২। চিকিৎসা-<br>(ক) গবাদী প্রাণীঃ ১৮৩৮ টি<br>(খ) হাঁসমুরগী- ১৫৫১৯ টি<br>৩। রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরণঃ ০৭ টি<br>৪। ডিজেজ সার্ভিলেন্সঃ ০১ টি<br>৫। উঠান বৈঠকের আয়োজনঃ ০৭ টি | হাঁস-মুরগী ও গবাদি প্রানির খামারগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে এবং উৎপাদন বাড়াতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |

৬. উঠান বৈঠকে অংশগ্রহনকারী: ৭১ জন
৭. খামার রেজিস্ট্রেশন ও নবায়ন-
(ক) গবাদি পশুর খামার: ০৩ টি
(খ) হাস-মুরগির খামার: ০১ টি
৮. ঘাস চাষ সম্প্রসারণ: ৩২ শতক
৯. খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন: ১০ টি
১০. কৃত্রিম প্রজনন সম্প্রসারণ: ২২০ টি
১১. শংকর জাতের গবাদি-পশুর বাছুরের তথ্য সংগ্রহ: ৯৮ টি
এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।

উপজেলা মৎস্য বিভাগ ঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ যথাযথভাবে উদযাপিত হয়েছে। উক্ত অনুষ্ঠান সকলের একান্ত সহযোগীতা সফলভাবে বাস্তবায়নের জন্য তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

মৎস্য সুরক্ষা ও মৎস্য আইন জোরদার করনে অত্র উপজেলার কর্চা, বালেশ্বর ও কালিগঙ্গা নদীতে অভিযান ও মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রয়েছে। এ সময় বিভিন্ন প্রকারের অবৈধ জাল জব্দ করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। উল্লেখ্য যে, বিষ প্রয়োগে মাছ ধরা ও মশারি জাল দ্বারা রেনু পোনা ধ্বংসের মাধ্যমে মৎস্য সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করা হচ্ছে। এ লক্ষে ব্যাপক প্রচার প্রচারনা ও সচেতনতা সৃষ্টির মাধ্যমে মৎস্য রক্ষা কার্যক্রমকে সামাজিক আন্দোলনে রুপ দিতে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন।

তার দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদযাপন উপলক্ষে সাত দিন ব্যাপি বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে বাস্তবায়নে জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ

উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, প্রতিবন্ধি শনাক্তকরন জরিপ কর্মসূচী একটি চলমান প্রক্রিয়া, যদি কোন প্রতিবন্ধী ব্যক্তি জরিপে অংশগ্রহন করে থাকে তাহলে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী মৃত্যুবরন করলে তদস্থলে নতুন ভাতাভোগী নির্বাচন করতে হয়। এ জন্য মৃত ব্যক্তির মৃত্যু সনদ প্রাপ্তি জরুরী। এ বিষয়ে প্রতি মাসে মৃত ভাতাভোগীর সনদ ও তালিকা সমাজসেবা অফিসে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। ২০২১-২২ অর্থ বছরে ভাতাভোগীদের ৪র্থ কিস্তির ভাতার অর্থ G2P পদ্ধতিতে বিকাশের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

উপজেলা সমাজসেবা অফিসের চলমান কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-

| ক্র নং | কার্যক্রমের নাম | উপকারভোগীর সংখ্যা | ৩য় কিস্তি (মার্চ/২২-জুন/২২) পর্যন্ত ভাতা প্রদান | অবশিষ্ট উপকারভোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা প্রদান | ৫৩০০ | ৫৩০০ | ০০০ | |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহিতা দুস্থ মহিলা ভাতা | ৩৮২৯ | ৩৮২৯ | ০০০ | |
| ৩ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | ১৮৮৭ | ১৮৮৭ | ০০০ | |
| ৪ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | ৭০ | ৭০ | ০০০ | |
| | | ১১,০৮৬ | ১১,০৮৬ | ০০০ | |

এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

উপকারভোগীদের ডাটা এন্ট্রির কাজে প্রয়োজনীয় সকল কাগজপত্র সংগ্রহে এবং বয়ষ্ক, বিধাব এবং প্রতিবন্ধীভাতাভোগী মৃত্যুবরন করলে তদস্থলে নতুন ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে দ্রুত মৃত্যু সনদ প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে সহযোগীতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমাজসেবা অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

| | | |
|---|---|---|
| উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ইউনিক আই.ডি তৈরীর কার্যক্রম শুরু হয়েছে। উক্ত আই.ডি তৈরী করতে শিক্ষার্থীদের প্রত্যেকেরই বাংলা এবং ইংরেজী ভার্সনের জন্ম নিবন্ধন সনদ প্রয়োজন হয়। শিক্ষার্থীর অভিভাবকগণ যাতে ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে দ্রুত জন্ম নিবন্ধন সনদ পেতে পারে তার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভার মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়।<br>এছাড়া উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | শিক্ষার্থীদের ইউনিক আই.ডি তৈরীর ক্ষেত্রে শিক্ষার্থীদের বাংলা এবং ইংরেজী ভার্সনের জন্ম নিবন্ধন সনদ দ্রুত পেতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) ও পৌরসভার মেয়র মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলায় গ্রামীন অবকাঠামো উন্নয়ন (টি.আর) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (কাবিখা) সাধারন খাতের সকল কাজ চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২০২২-২৩ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলায় গ্রামীন অবকাঠামো উন্নয়ন (টি.আর) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (কাবিখা) কর্মসূচীসহ সকল কাজ সুষ্ঠুভাবে তদারকির মাধ্যমে কাজের গুনগত মান বজায় রাখার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। খেলাপি ঋণের টাকা আদায় সচেষ্ট হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে তদারকি ও সকল সমবায় সমিতি যথাসময়ে অডিট সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা খাদ্য বিভাগঃ<br>উপজেলা খাদ্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| উপজেলা তথ্য সেবা বিভাগঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |
| উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান বিভাগঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>পল্লী সঞ্চয় ব্যাংক এর ম্যানেজার সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক |

**বিবিধ-০১ ঃ- ২০২২-২৩ অর্থ বছরে "অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ এর প্রকল্প তালিকা- বরাদ্দের পরিমানঃ- ১৫.০০ লক্ষ টাকা।**

| ক্রঃ নং | | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সিকদারমল্লিক | সিকদার মল্লিক ইউনিয়নের ৬নং ওয়ার্ডের ইতরুপ খান এর বাড়ীর ৩০০ ফুট ইট সোলিং করণ। | ১০০০০০.০০০ | |
| ২ | কদমতলা | কদমতলা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মেইন রাস্তা হতে কালাম খান এর বাড়ি হতে হান্নান খানের বাড়ি পর্যন্ত ৩০০ ফুট ইট সোলিং করণ। | ১০০০০০.০০০ | |
| ৩ | দূর্গাপুর | দূর্গাপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ছরোয়ার শেখের বাড়ি হতে রব শেখের বাড়ি পর্যন্ত ৩০০ ফুট ইট সোলিং করণ। | ১০০০০০.০০০ | |
| ৪ | কলাখালী | ৪নং কলাখালী ইউনিয়নের দাউদপুর চলপুখরিয়া সার্বজনীন রাধাগোবিন্দ মন্দির হতে সুধাংশু মাঝির বাড়ি পর্যন্ত ৪৫০ফুট | ১৫০০০০.০০০ | |
| ৫ | টোনা | টোনা ইউনিয়নের ৮নং ওয়ার্ডের মূলগ্রাম আবাসনের ৫০০ফুট রাস্তা সংস্কার। | ১৫০০০০.০০০ | |
| ৬ | টোনা | টোনা ইউনিয়নের ৩নং ওয়ার্ডে শ্রী শ্রী লোকনাথ ব্রম্মচারী সেবাশ্রম সংস্কার। | ১০০০০০.০০০ | |
| ৭ | শারিকতলা | শারিকতলা ইউনিয়নের ২নং ওয়ার্ডের পূর্ব ডুমুরিতলা গ্রামের ডাক্তার অমল রায়ের বাড়ি হতে অশোক মুখার্জির বাড়ি পর্যন্ত ৩০০ ফুট ইট সোলিং করণ। | ১০০০০০.০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | শারিকতলা | শারিকতলা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের শেখ বাড়ি জামে মসজিদ হতে শাহাদাত শেখের বাড়ি পর্যন্ত ৩০০ ফুট ইট সোলিং করণ। | ১০০০০০.০০০ | |
| ৯ | শংকরপাশা | শংকরপাশা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের পত্তিপুর পক্ষিয়া খালের পাড় হতে নিরঞ্জন হালদারের বাড়ি পর্যন্ত ৫০০ ফুট রাস্তার ইট সলিং করণ। | ১০০০০০.০০০ | |
| ১০ | ,, | শংকরপাশা ইউনিয়নের ফি হায়দার স্কুলের সামনে আয়রন ব্রীজ সংস্কার। | ৫০০০০০.০০ | |
| | | মোট ঃ | ১৫০০০০০.০০ | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৫/২৩

( আলহাজ্ব মোঃ মজিবুর রহমান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পিরোজপুর সদর, পিরোজপুর।
ফোনঃ ০৪৬১-৬৩৩২০, মোবাঃ ০১৭১৪-১০১২১৩
ইমেইলঃ uzp.pirojpursadar@gmail.com

স্মারক নং- ০৫.১০.৭৯৮০.০০০.১৬.০০১.২০২৩- ৮৮৮

তারিখঃ ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রি

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব শ. ম. রেজাউল করিম, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সংসদ সদস্য, পিরোজপুর-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, পিরোজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, পিরোজপুর।
৭। মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
৮। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
৯। উপজেলা ---------------------------- অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর।
১০। চেয়ারম্যান --------------------- ইউনিয়ন পরিষদ (সকল), পিরোজপুর সদর, পিরোজপুর।
১১। অফিস কপি।

১৯/০৬/২৩

(মোহাম্মদ গোলাম মোস্তফা)
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
পিরোজপুর সদর, পিরোজপুর।
ই-মেইলঃ unopirojpur@mopa.gov.bd